



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৭

ই-মেইলঃ nhrc.bd@gmail.com

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞ:/২৩৯/১৩- ৬৬৯৬

তারিখ: ২৪ এপ্রিল ২০১৭


প্রেস বিজ্ঞপ্তিঃ রমেল চাকমা হত্যার ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশনের তথ্যানুসন্ধান কমিটি গঠন

এইচএসসি পরীক্ষার্থী রমেল চাকমার বাবা জাতীয় মানবাধিকার কমিশনে অভিযোগ করেন যে, তাঁর পুত্র রমেল চাকমা চলতি বছরের এইচএসসি পরীক্ষার্থী। গত ০৫ এপ্রিল পরীক্ষা না থাকায় নানিয়ারচর বাজারে বাজার করতে গেলে নানিয়ারচর উপজেলা কার্যালয়ের দিকে যাবার পথে পার্শ্বস্থ সেনা ক্যাম্পের সদস্যগণ রমেলকে ধরে নিয়ে যায় এবং অমানবিক শারীরিক নির্যাতন চালায়। এতে রমেল অজ্ঞান হয়ে পড়ে এবং তাঁর অবস্থা শোচনীয় দেখে সেনারা প্রথমে স্থানীয় হাসপাতালে রমেলকে নিয়ে যায়। কিন্তু সেখানে তাকে না রাখলে রমেলকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। গত ১৯ এপ্রিল রমেল মৃত্যুবরণ করেন।

জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান কাজী রিয়াজুল হক মনে করেন, “একজন নিরপরাধ মানুষকে অমানবিক নির্যাতনের মাধ্যমে হত্যা করা মানবাধিকারের চরম লঙ্ঘন। ঘটনাটির সত্যতা পাওয়া গেলে যারা এই হত্যাকাণ্ডের সাথে জড়িত তাদেরকে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার জন্য কমিশন যথাযথ কর্তৃপক্ষের কাছে সুপারিশ করবে”।

রমেল হত্যার ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশনের সদস্য বাঙ্হিতা চাকমাকে আহ্বায়ক করে তিন সদস্য বিশিষ্ট তথ্যানুসন্ধান কমিটি গঠন করা হয়েছে। কমিটির অন্য দুজন সদস্য হলেন জাতীয় মানবাধিকার কমিশনের উপপরিচালক (অভিযোগ ও তদন্ত) এবং রাঞ্জামাটি জেলা প্রশাসনের একজন প্রতিনিধি। কমিটিকে সরেজমিনে পরিদর্শন করে তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক আগামী ১৫ কার্যদিবসের মধ্যে কমিশনে প্রতিবেদন দাখিল করতে নির্দেশ দেওয়া হয়েছে।

বার্তা প্রেরক

 . 24/04/17

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

পিএবিএক্সঃ ০২- ৫৫০১৩৭২৬-২৮

মোবাইলঃ ০১৭৯০৫৩৬৯৩৬